



## স্বাধীন রাষ্ট্র হিসেবে ফিলিস্তিনকে স্বীকৃতি দিলো পর্তুগাল



সংগৃহীত ছবি

যুক্তরাজ্য, কানাডা ও অস্ট্রেলিয়ার পর এবার ফিলিস্তিনকে স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দিলো ইউরোপের দেশ পর্তুগাল। এ ঘোষণার পর বিশ্বে ফিলিস্তিনকে স্বীকৃতি দেয়া দেশের সংখ্যা দাঁড়ালো ১৫১। শিগগিরই ফ্রান্স থেকেও একই ঘোষণা আসতে পারে।

দুই রাষ্ট্রভিত্তিক সমাধানের পক্ষে অবস্থান জোরালো করতে এবার ফিলিস্তিনকে আনুষ্ঠানিকভাবে স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দিয়েছে পর্তুগাল। রবিবার (২১ সেপ্টেম্বর) নিউইয়র্কে দেশটির পররাষ্ট্রমন্ত্রী আনুষ্ঠানিক ঘোষণা দেন।

এর আগে, এক ভিডিওবার্তায় ব্রিটিশ প্রধানমন্ত্রী কেইর স্টারমার ফিলিস্তিনকে স্বীকৃতির ঘোষণা দেন এবং জানান, মধ্যপ্রাচ্যে স্থায়ী শান্তি প্রতিষ্ঠার জন্য এ সিদ্ধান্ত জরুরি।

অন্যদিকে, যৌথ বিবৃতির মাধ্যমে ফিলিস্তিনকে স্বীকৃতি দেয়ার কথা জানায় অস্ট্রেলিয়া। প্রধানমন্ত্রী অ্যানথনি আলবানিজ ও পররাষ্ট্রমন্ত্রী পেনি অং স্বাক্ষরিত ওই বিবৃতিতে জানানো হয়, আন্তর্জাতিক ন্যায়বিচার ও মানবাধিকারের স্বার্থেই এই সিদ্ধান্ত।

এছাড়া, জি-সেভেনভুক্ত দেশগুলোর মধ্যে প্রথম হিসেবে কানাডা ফিলিস্তিনকে স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেয়। সব মিলিয়ে এখন পর্যন্ত ফিলিস্তিনকে স্বীকৃতি দিয়েছে ১৫১ দেশ।

এদিকে, আজ বা আগামীকাল ফ্রান্স থেকেও আনুষ্ঠানিক ঘোষণা আসবে বলে জানিয়েছে দেশটির সরকার।